

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১২৭৯

৩৪/ শিকার, যব্হ ও কোন প্রকার জন্তু খাওয়া যায় (کتاب الصید والذبائح ما یؤکل من الحیوان) পরিচ্ছেদঃ ৩৪/১১. খাঁচার বা বেঁধে রাখা পশু তীর বা অন্য কিছু দ্বারা বিদ্ধ করা নিষিদ্ধ।

النهي عن صبر البهائم

## আরবী

حديث ابْنِ عُمَرَ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، قَالَ: كُنْتُ عِنْدَ ابْنِ عُمَرَ، فَمَرُّوا بِفِتْيَةٍ، أَوْ بِنَفَرِ نَصَبُوا دَجَاجَةً يَرْمُونَهَا، فَلَمَّا رَأَوُا ابْنَ عُمَرَ تَفَرَّقُوا عَنْهَا وَقَالَ ابْنُ عُمَرَ: مَنْ فَعَلَ هذَا إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَعَنَ مَنْ فَعَلَ هذَا

## বাংলা

১২৭৯. সাঈদ ইবনু যুবায়র (রহঃ) হতে বর্ণিত। তিনি বললেনঃ আমি ইবনু 'উমার (রাঃ)-এর কাছে ছিলাম। এরপর আমরা একদল তরুণ কিংবা তিনি বলেছেন, একদল মানুষের কাছ দিয়ে যাবার সময় দেখলাম, তারা একটি মুরগী বেঁধে তার প্রতি তীর ছুঁড়ছে। তারা যখন ইবনু 'উমার (রাঃ)-কে দেখতে পেল, তখন তারা তা থেকে বিচ্ছিন্ন হয়ে গেল। ইবনু 'উমার (রাঃ) বললেনঃ এ কাজ কে করেছে? এ কাজ যে করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর উপর অভিশাপ দিয়েছেন।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৭২ : যবহ ও শিকার, অধ্যায় ২৫, হাঃ ৫৫১৫; মুসলিম, পর্ব ৩৪: শিকার, যব্হ ও কোন প্রকার জন্তু খাওয়া যায়, অধ্যায় ১১, হাঃ ১৯৫৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সা'ঈদ ইবনু যুবায়র (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন